

আন্দোলনের মুখে চারুকলার ভর্তি পরীক্ষা বাতিল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : দুর্নীতি বিরোধী চারুকলার ছাত্রছাত্রীদের আন্দোলনের মুখে অবশেষে চারুকলা ইনস্টিটিউট প্রশাসন গতকাল অনার্স প্রথম বর্ষের ১০০ নম্বরের (ভর্তীয়) ভর্তি পরীক্ষা বাতিল করে তা পুনরায় গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। এর মাধ্যমে ৭ দিনব্যাপী আন্দোলনের আপাত অবসান হয়েছে।

প্রসঙ্গত, চারুকলার ছাত্রছাত্রীরা দুর্নীতি বিরোধী চারুকলার ছাত্রছাত্রীদের ব্যানারে গত ২৮ জানুয়ারি থেকে অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা বাতিল করে তা পুনরায় গ্রহণসহ ৩ দফা দাবিতে আন্দোলন করে আসছিল। তাদের অন্যান্য দাবিগুলো

● এংগ-পূর্তী ২ কলাম ২

আন্দোলনের মুখে

● প্রথম পাতার পূর্বে
৫শো, ভর্তি ১-পরীক্ষায় দুর্নীতির সঙ্গে জড়িতদের বহিষ্কার ও শাস্তি-প্রশাসনিক অনিয়ম ও দুর্নীতি বন্ধ।

গতকাল দুপুরে চারুকলার আন্দোলনরত ছাত্রছাত্রীরা ইনস্টিটিউটের পরিচালক আব্দুস সাত্তারের সঙ্গে সাক্ষাৎ করে তাদের দাবির কথা জানালে পরিচালক তাদেরকে ১০০ নম্বরের ভর্তীয় পরীক্ষা পুনরায় গ্রহণ করা হবে বলে জানান। তবে অন্য ২ দফা দাবি প্রসঙ্গে বলেন, এ ব্যাপারে ১টি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটি রিপোর্ট দেওয়া পর সিদ্ধান্ত নেওয়া হবে। পরিচালকের এই আশ্বাসের ভিত্তিতে ছাত্রছাত্রীরা আপাতত আন্দোলনের কর্মসূচি প্রত্যাহার করেছেন বলে জানিয়েছে।

চারুকলার অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা মোট ৩০০ নম্বরের মধ্যে অনুষ্ঠিত হয়। এর মধ্যে ভর্তীয় ১০০, ড্রয়িং ১০০ এবং ডিজাইন ১০০। এই ৩০০ নম্বরের মধ্যে এমসিকিউ প্রকৃতিতে অনুষ্ঠিত ১০০ নম্বরের (ভর্তীয়) পরীক্ষার প্রস্তুতি নিয়ে দুর্নীতির অভিযোগ 'অ্যানে ইনস্টিটিউটের ছাত্রছাত্রী ও পরিচালক'। ছাত্রছাত্রীরা অভিযোগ করে ইনস্টিটিউটের শিক্ষক মোস্তাফিজুল হক পরিচালিত কোচিং সেন্টারের মডেল টেস্টের সঙ্গে ভর্তি পরীক্ষার বেশীরভাগ প্রশ্নের বানান জুলসহ ভুল মিল পাওয়া যায়। আর তখন থেকে ছাত্রছাত্রীরা এই প্রস্তুতির অধীনে ভর্তি পরীক্ষা বাতিল করার দাবি জানায়।

সূত্র জানায়, ভর্তি পরীক্ষায় ড্রয়িং ১০০ এবং ডিজাইন ১০০ অর্থাৎ মোট ২০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় যে সকল ছাত্রছাত্রী উত্তীর্ণ হবে কেবল মাত্র তারা ই পুনরায় অনুষ্ঠিত ১০০ নম্বরের (ভর্তীয়) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

এ ব্যাপারে ইনস্টিটিউটের পরিচালক আব্দুস সাত্তারের সঙ্গে বার বার ফোনে যোগাযোগের চেষ্টা করেও পাওয়া যায়নি।